



NMST celebrates birth centenary of Bangabandhu

.....
STAFF CORRESPONDENT
.....

National Museum of Science and Technology (NMST) on Tuesday arranged a discussion to celebrate the 100th birth anniversary of Bangabandhu Sheikh Mujibur Rahman.

All officials of NMST took part in the event, said a press release of NMST.

National Museum of Science and Technology Director General Muhammad Munir Chowdhury spoke at the programme.



বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে এতিমদের খাবার দিল বিজ্ঞান জাদুঘর

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে গত মঙ্গলবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সংস্থার সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারিরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী তাঁর বক্তৃতায় বলেন, বঙ্গবন্ধু অতি সাদামাটা জীবন-যাপন করতেন। তিনি গরীব দুঃখীদের ভালবাসতেন। দুর্নীতির বিরুদ্ধে তিনি প্রচণ্ড সোচ্চার ছিলেন। তাঁর দুর্নীতি ও বৈষম্য বিরোধী চেতনা দেশ গড়ার শক্তিশালী হাতিয়ার। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উপপরিচালক এ.জে.এম সালাহ উদ্দিন নাগরীসহ কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠান শেষে জাতির পিতা ও তাঁর পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয় এবং এতিম শিশুদের মাঝে খাবার বিতরণ করা হয়। এছাড়া জাদুঘরে দর্শনার্থীদের জন্য বিনামূল্যে প্রদর্শনীর আয়োজন করা হয় এবং ভবন আলোক মালায় সজ্জিত করা হয়। বিজ্ঞপ্তি